

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
www.supremecourt.gov.bd



স্মারক নং- ২৭৫৩

এ,


তারিখঃ ১০ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ  
২৩ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ Supreme Court Special Committee for Judicial Reforms কর্তৃক video/audio-conferencing এর মাধ্যমে আদালতের কার্যক্রম পরিচালনা করণের সুপারিশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, Supreme Court Special Committee for Judicial Reforms-এর বিগত ২০ এপ্রিল ২০২০ তারিখের ৬৮ তম সভার সিদ্ধান্তে কমিটি হাইকোর্ট বিভাগ এবং দেশের সকল অধস্তন আদালতে video/audio-conferencing এর মাধ্যমে আদালতের কার্যক্রম সীমিত আকারে পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সমীপে সবিনয়ে অনুরোধ করেন।

২। কমিটির সিদ্ধান্তে আরো উল্লেখ করা হয় যে, UNDP-Bangladesh এ বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করবে।

৩। এমতাবস্থায়, আগামী ০১(এক) সপ্তাহের মধ্যে Supreme Court Special Committee for Judicial Reforms এবং UNDP-Bangladesh- কে প্রয়োজনীয় কারিগরি সুবিধা প্রদান করার এবং দেশের সকল জেলা সমূহে উপস্থিত হয়ে বিচারক, আইনজীবী এবং আদালতের কর্মকর্তা-কর্মচারীদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

  
২৩.০৪.২০২০

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল: rg@supremecourt.gov.bd

Ms.Sharmeela Rassool  
UNDP-Bangladesh

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. জেলা জজ/মহানগর দায়রা জজ, ..... (সকল)
২. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ ম্যাজিস্ট্রেট/চীফ ম্যাজিস্ট্রেট, ..... (সকল)
৩. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ..... (সকল)
৪. নোটিশ বোর্ড